

বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ পড়ার জন্য
অনুরোধ করা হলো।



ঢাকা বিশ্ববিদ্যালয় বোর্ড বৃত্তির (মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ) তথ্য সংশোধন সংক্রান্ত অতি জরুরী বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন শিক্ষাবর্ষে বর্তমানে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত বোর্ডবৃত্তি প্রাপ্ত (মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ) শিক্ষার্থীদের মধ্যে যাদের তথ্য ভুল রয়েছে এবং **Bounced Back** (ব্যাংক একাউন্টের তথ্য ভুল)-এর কারণে বৃত্তির টাকা পায়নি তাদের তথ্য সংশোধন করতে হবে।

যে সকল শিক্ষার্থীদের ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বরসহ ব্যাংক সংক্রান্ত তথ্য (Bounced Back) এবং অন্যান্য তথ্য ভুলের কারণে বৃত্তির টাকা শিক্ষার্থীর ব্যাংক একাউন্টে জমা হয়নি তাদের তথ্য সংশোধনের জন্য আগামী ২৯-১০-২০২৬ হতে ০৫-১১-২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অফিসের (রুম নং-২০৭ খ) বৃত্তি শাখায় যোগাযোগ করার জন্য বলা হচ্ছে। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত যে সকল শিক্ষার্থীরা অনলাইনে বোর্ড বৃত্তির (মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ) আবেদন করতে পারেনি (যাদের নাম বোর্ড বৃত্তির তালিকায় আছে) তাদেরকেও আগামী ২৯-১০-২০২৬ হতে ০৫-১১-২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে স্ব স্ব কলেজ কর্তৃক প্রদত্ত বৃত্তির প্রত্যয়ন পত্রের ফটোকপি, সংশ্লিষ্ট বোর্ডের গেজেটের কপি (যে পাতায় শিক্ষার্থীর নাম রয়েছে সেই পাতায় শিক্ষার্থীর নিজ নাম চিহ্নিত করে), শিক্ষার্থীর নিজ নামের ব্যাংক একাউন্টের চেক (MICR) পাতার ফটোকপি/ব্যাংক স্টেটমেন্টের কপি এবং এইচ. এস. সি. পরীক্ষার মার্কশিটের ফটোকপিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অফিসের (রুম নং- ২০৭ খ) বৃত্তি শাখায় যোগাযোগ করার জন্য বলা হচ্ছে।

শিক্ষার্থীদের তথ্যের ভুল সংশোধনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় :

- ১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে অবশ্যই শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে।
- ২। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম একই হতে হবে।
- ৩। শিক্ষার্থীর নিজ নামের ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না।
- ৪। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুল হতে হবে।
- ৫। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/ রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও প্রাপ্ত GPA সঠিক ও নির্ভুল হতে হবে।
- ৬। বৃত্তির ক্যাটাগরি (মেধা/ সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৭। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৮। বিকাশ, শিউর ক্যাশ, নগদসহ এ ধরনের কোন মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর প্রদান করা যাবে না।
- ৯। ব্যাংক হিসাবটি অবশ্যই বর্তমানে সচল (Active) থাকতে হবে/ সচল (Active) না থাকলে সচল (Active) করে নিতে হবে।

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫) ২৮/১০/২০২৬
ঢাকা বিশ্ববিদ্যালয়
তারিখ: ২২/১০/২০২৬
২৮/১০/২০২৬

স্মারক নং রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/ ৩৪২৬০ - জি

সদয় অবগতি ও পালনক্রমে প্রেরণ করা হলো।